



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট  
১২৫/এ, দারুস সালাম, এ. ডব্লিউ. চৌধুরী রোড, ঢাকা-১২১৬।  
পিএবিএক্স-৫৫০৭৯৪৩৮-৪২, ফ্যাক্স-৫৫০৭৯৪৪৩  
E-mail-dg@nimc.gov.bd, web-www.nimc.gov.bd



সংখ্যা : ১৫.৫৫.০০০০.৫০৩.২৫.০০১.১৭.৪.

৩০ ভাদ্র ১৪২৪  
১৪ সেপ্টেম্বর ২০১৭

## প্রশিক্ষণ সংক্রান্ত বিজ্ঞপ্তি “Non Linear Video Editing” প্রশিক্ষণ পাঠ্যধারা

বাংলাদেশে ইলেকট্রনিক মিডিয়ার জন্য পেশাদার ভিডিও এডিটর তৈরীর লক্ষ্যে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট আগামী ২২ অক্টোবর ২০১৭ থেকে ০৯ নভেম্বর ২০১৭ পর্যন্ত ০৩ (তিন) সপ্তাহ ব্যাপী “Non Linear Video Editing” কোর্স শুরু করতে যাচ্ছে। এই প্রশিক্ষণ কর্মসূচীতে অংশগ্রহণের জন্য আগ্রহী প্রার্থীদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

প্রার্থীদের অবশ্যই যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের স্নাতক ডিগ্রী, কম্পিউটার ব্যবহারের দক্ষতা এবং ভিডিও মাধ্যম সম্পর্কে প্রাথমিক ধারণা থাকতে হবে।

আগামী ১৭ সেপ্টেম্বর ২০১৭ থেকে প্রতিদিন অফিস চলাকালীন জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের হিসাব শাখা থেকে ২০০/- (দুইশত) টাকার বিনিময়ে আবেদনপত্র সংগ্রহ করা যাবে। আবেদনপত্রের সাথে এক কপি সত্যায়িত রঙিন ছবি, স্নাতক ডিগ্রীর সার্টিফিকেটের সত্যায়িত কপি এবং প্রথম শ্রেণীর সরকারি কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র পেশ করতে হবে। এ ইনস্টিটিউটের web site: [www.nimc.gov.bd](http://www.nimc.gov.bd)-তে সরাসরি আবেদন করা যাবে। সেক্ষেত্রে সাক্ষাৎকারের দিন ফি জমা দিয়ে বাছাই পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ১২ অক্টোবর ২০১৭। সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। বাছাই পরীক্ষা ১৫ অক্টোবর ২০১৭ তারিখ সকাল ১১:০০ মিনিটে অনুষ্ঠিত হবে। এ জন্য পৃথক কোন পত্র দেয়া হবে না। বাছাই পরীক্ষার পর নির্বাচিত প্রশিক্ষণার্থীদের নামের তালিকা ১৫ অক্টোবর ২০১৭ তারিখ এ ইনস্টিটিউটের ওয়েবসাইট ও নোটিস বোর্ডে দেয়া হবে।

মনোনীত প্রার্থীদের সরকার নির্ধারিত কোর্স ফি বাবদ ৪,৫০০/- (চার হাজার পাঁচশত) টাকা “মহাপরিচালক, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা” এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার-এর মাধ্যমে জমা দিতে হবে।

প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(মারুফ হোসেন)  
রক্ষণ প্রকৌশলী

ও

পাঠ্যধারা পরিচালক  
ফোন : ৫৫০৭৯৪৩৬